

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট।
www.zplalmonirhat.org

স্মারক নং- জেপ/লাল/২০২০/৬৮৭

তারিখ: ২৩/০৮/১৪২৬ বঙ্গাব্দ
৭/১২/২০২০ খ্রিস্টাব্দ

## ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলা পরিষদ মালিকানাধীন সদর ডাকবাংলোস্থ ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম-কমিউনিটি সেন্টার (যে অবস্থায় আছে) ১ জানুয়ারি, ২০২১খ্রি. হতে ৩১ ডিসেম্বর, ২০২৩খ্রি. পর্যন্ত ৩ (তিন বছরের জন্য) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সার্বিকভাবে পরিচালনার জন্য ইজারা প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তি/ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে। দাখিলকৃত দরের ১০০% টাকা প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট এর অনুকূলে যে কোন তফশীলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অডার এর মাধ্যমে দাখিল করতে হবে।

:দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান তারিখ সহ বিবরণ:

| ক্রমিক নং | দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান | দরপত্র সিডিউল দাখিলের স্থান | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র বাক্সে দরপত্র গ্রহণের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ১ | জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট/জেলা পরিষদ, লালমনিরহাট /পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট | জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট /জেলা পরিষদ, লালমনিরহাট /পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট | ২১/১২/২০২০ খ্রি. | ২২/১২/২০২০খ্রি. ১.০০ ঘটিকা পর্যন্ত। | ২২/১২/২০২০খ্রি. বিকালঃ ০৩ ঘটিকা, জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। |

### শর্তসমুহ :

১। দরপত্র দাতাকে নির্ধারিত ১,০০০-/ (এক হাজার টাকা অফেরত যোগ্য) টাকার সিডিউল ফরমে দাখিলকৃত দরের ১০০% ভাগ টাকা এবং উদ্ধৃত দরের উপর ১৫% ভ্যাট ৫% আয়কর, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট এর অনুকূলে যে কোন তফশীলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

২। সর্বোচ্চ দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে ডাকের টাকার উপর ১০% টাকা নিরাপত্তা জামানত বাবদ জমা গ্রহণ সাপেক্ষে ইজারার কার্যাদেশ প্রদান করা হবে। ইজারা মেয়াদ শেষে এ নিরাপত্তা জামানত ফেরত দেয়া হবে।

৩। কোন ত্রুটি যুক্ত লেখা,ঘষা-মাজা, কাটাকাটি, ফ্লুইড ব্যবহার করা দরপত্র গ্রহণযোগ্য হবেনা।

৪। অনুমোদিত দরপত্র দাতাকে কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নিরাপত্তা জামানত বাবদ অর্থ ৩ (তিন) কার্য দিবসের মধ্যে পরিশোধসহ যথারীতি চুক্তি পত্র সম্পাদনে ব্যর্থ হলে দরপত্রের সাথে দাখিলকৃত অর্থ জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করণ সহ দরপত্র বাতিল করা হবে।

৫। জেলা পরিষদ অডিটরিয়াম কাম-কমিউনিটি সেন্টারের বিদ্যুৎ বিল প্রতি মাসের ৭ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরিশোধিত বিলের এক কপি জেলা পরিষদে দাখিল করতে হবে। বিদ্যুৎ বিল বকেয়ার কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে জেলা পরিষদ দায়ী থাকবে না।

৬। ইজারা গ্রহীতাকে ইজারার মেয়াদের মধ্যে সকল প্রকার প্রয়োজনীয় মেরামত বা রক্ষণাবেক্ষণ খরচ বহন করতে হবে।

৭। জেলা পরিষদ অডিটরিয়াম কাম-কমিউনিটি সেন্টারের উন্নয়ন /নির্মাণ/সংস্কার কার্যক্রম গ্রহণ করা হলে বরাদ্দ গ্রহীতা কোনরূপ বাধা সৃষ্টি করতে পারবেন না।